

জবি ছাত্রশিবিরের সভাপতি রিয়াজুল, সেক্রেটারি আরিফ

জবি প্রতিনিধি



সংগ্রহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের নতুন সভাপতি ও সেক্রেটারি নির্বাচিত হয়েছেন মো. রিয়াজুল

ইসলাম ও আব্দুল আলিম আরিফ। এছাড়া সাংগঠনিক সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন মোহাম্মদ

জাহেদ।

রিয়াজুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। আরিফ ও জাহেদ
যথাক্রমে ভূমি ও আইন প্রশাসন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষ এবং ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের
২০২৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

সোমবার (৭ জুলাই) জবি ছাত্রশিবিরের সদস্য সমাবেশে সরাসরি ভোট প্রদানের মাধ্যমে সভাপতি
এবং সদস্যদের পরামর্শে সেক্রেটারি ও সাংগঠনিক সম্পাদক মনোনীত করা হয়।

বিষয়টি শাখা ছাত্রশিবিরের একাধিক সদস্য নিশ্চিত করেছেন।